# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 05 May, 2025

ময়মনসিংহের মুক্তাগাছায় সেনাবাহিনীর ভুয়া মেজর পরিচয় দিয়ে বিয়ে করায় এক যুবকসহ ৪ জনকে গ্রেপ্তার করেছে র‍্যাব-১৪।এ সময় ৩টি স্মার্ট ফোন, নগদ ৩ হাজার ৯০০ টাকা ও প্রাইভেটকার জব্দ করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন, কুমিল্লা জেলার মো. মাহিন হোসেন (৩১), মো. ইউসুফ হোসেন (৩৫), মো. মনির হোসেন (৩২) ও মুন্সিগঞ্জ জেলার মো. মনির হোসেন (৩২)।এদের মাঝে মাহিন হোসেন নিজেকে সেনাবাহিনীর মেজর হিসাবে পরিচয় দেন।

সোমবার (৫ মে) বিকালে ময়মনসিংহ র‍্যাব-১৪'র কার্যালয় থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।এর আগে ওই দিন ভোররাতে মুক্তাগাছা থেকে ৪ জনকে গ্রেপ্তার করা হয়।

ওই প্রেস বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, মো. মাহিন হোসেন প্রতারক প্রকৃতির লোক। মুক্তাগাছা উপজেলার এক তরুণীর সাথে সেনাবাহিনীর ভুয়া মেজর পরিচয় দিয়ে সম্পর্ক গড়ে তুলে।পরবর্তীতে ফুসলিয়ে গোপনে বিয়ের রেজিস্ট্রি করে।বিয়ের বিষয়টি জানাজানি হলে বাদী তার মেয়েকে তার জামাইসহ বাসায় আসতে বলে।আসামী মো. মাহিন হোসেন বাসায় আসলে তার কাছে মেজর আইডি এবং কর্মস্থল জানতে চাইলে সে অসঙ্গতি মূলক কথাবার্তা বলতে থাকে।তখন সে জানায়, তিনি র‍্যাব-১৪ ময়মনসিংহের সিও'র দায়িত্ব পেয়েছে।বিষয়টি বাদীর সন্দেহজনক মনে হলে তা যাচাই বাচাই করার জন্য ঢাকা ও ময়মনসিংহ ক্যান্টনমেন্টে যোগাযোগ করেন।তখন তার মেজর আইডি কার্ডটি সঠিক নয় বলে জানতে পারেন বাদী।পরে

এ সংক্রান্ত ময়মনসিংহ অধিনায়ক বরাবর অভিযোগ করেন। পরে র‍্যাবের একটি দল বাদীর বাসা থেকে মাহিন হোসেনসহ ৪ জনকে গ্রেপ্তার করে।

ময়মনসিংহ র‍্যাব-১৪'র সিনিয়র সহকারী পরিচালক ও মিডিয়া অফিসার (মেজর) শিশির মাহমুদ তালুকদার বলেন, গ্রেপ্তারকৃত আসামীদের সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হয়েছে।

সেনাবাহিনী র‍্যাব প্রতারক

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 06:37

URL: https://timestodaybd.com/mymensingh/7758071974